তারিখ ...05 JAN 1991 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক সংবাদ

158

19

# এরশাদের রাজনীতি নিষিদ্ধ করার দাবীতে সোমবার ছাত্রঐক্যের বিক্ষোভ

সর্বদলীয় ছাত্রঐক্য (আপসু) সাবেক রাষ্ট্রপতি এরশাদ এবং জাতীয় পার্টির তার সহযোগীদের রাজনীতি নিষিদ্ধ করার দাবীতে আগামী সোমবার (৭ই জানুয়ারী) দেশব্যাপী বিক্ষোভ ও সমাবেশ করবে। খবর ইউএনবি'র।

গতরাতে সর্বদলীয় ছাত্রঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠকে ডাকসু'র সাধারণ সম্পাদক ও ছাত্রদল নেতা খায়রুল কবির খোকন, ছাত্রলীগের (হা-অ) সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, ছাত্রলীগ (না-শ) সাধারণ সম্পাদক শফি আহমেদ, ছাত্র মৈত্রীর নূর মোহাম্মদ বকুলসহ অন্যান্য নেতা সভায় উপস্থিত ছিলেন।

সমাবেশে অবিলম্বে অবৈধ অস্ত্র

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## এরশাদের রাজনীতি নিষিদ্ধ

(১ম পাতার পর)

উদ্ধার, বর্তমানে গৃহবন্দী এরশাদ, তার স্ত্রী রওশন, সাবেক উপ-রাষ্ট্রপতি মওদুদ আহমেদ, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসানকে অবিলম্বে জেলে পাঠানো এবং দুর্নীতিবাজ মন্ত্রী, এমপি ও সরকারী কর্মকর্তাসহ এরশাদের সকল সহযোগীর বিচার দাবী করা হবে।